



# পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ

## POWER GRID COMPANY OF BANGLADESH LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)

### স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্যপ্রকাশ ও প্রচার প্রবিধানমালা, ২০১০ এর সাথে সঙ্গতি রেখে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃপক্ষ কর্তৃক স্ব-প্রণোদিত তথ্য নির্দেশিকা প্রণয়ন করা হলোঃ

- ০১। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃপক্ষ স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ ও প্রচার নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ০২। স্ব-প্রণোদিত প্রকাশযোগ্য তথ্য পিজিসিবি স্ব-প্রণোদিত হয়ে নোটিশবোর্ড, ওয়েবসাইট, ব্রুশিয়র/মুদ্রিত বই বা প্রতিবেদন, বিলবোর্ড/সাইনবোর্ড, স্টিকার/পোস্টার, বুকলেট/লিফলেট/নিউজলেটার, পত্রিকায় বিজ্ঞপ্তি সহ গ্রহণযোগ্য অন্যান্য মাধ্যমে প্রকাশ করবে।
- ০৩। কোনো নাগরিক তথ্য চেয়ে আবেদন করলে তা চাহিদার ভিত্তিতে প্রকাশযোগ্য তথ্য হলে প্রদান করা হবে।
- ০৪। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারার সাথে সঙ্গতি রেখে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃপক্ষ প্রতি অর্থবছরের জন্য একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করবে এবং পিডিএফ কপি ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- ০৫। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) এর ওয়েবসাইট সংশ্লিষ্ট ব্যবহারকারীগণের উপযোগী করে তৈরী এবং নিয়মিতভাবে আপডেট করা হবে।
- ০৬। ওয়েবসাইট বাংলা ও ইংরেজি উভয় ভাষানে থাকবে। বাংলার ক্ষেত্রে প্রকাশিত তথ্যাবলী যথাসম্ভব ইউনিকোড স্ট্যান্ডার্ড ফন্ট ব্যবহার করে বাংলায় প্রকাশ করা হবে।
- ০৭। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) সম্পর্কিত সকল প্রয়োজনীয় তথ্য নাগরিকগণের জন্য ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রকাশ করা হবে।
- ০৮। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সঙ্গতি রেখে ইলেকট্রনিক/ডিজিটাল পদ্ধতিতে তথ্য প্রদান করবে।
- ০৯। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) নতুন কোন বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়াল, ডকুমেন্ট, রেকর্ড এবং প্রাসঙ্গিক বিষয়াদি অনুমোদিত হবার সাথে সাথে ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ১০। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটের পাতায় তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখ লেখা থাকবে।
- ১১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১২। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃপক্ষ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকার আলোকে কতটুকু তথ্য ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে প্রকাশ করেছে তা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রয়োজনে নিরীক্ষা করবে।
- ১৩। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী কোম্পানির প্রথম প্রান্তিক, দ্বিতীয় প্রান্তিক, তৃতীয় প্রান্তিক এবং বাৎসরিক আর্থিক প্রতিবেদন প্রকাশ করবে।
- ১৪। কোম্পানির দৈনন্দিন পরিচালন কার্যক্রম, চলমান উন্নয়ন প্রকল্প/সমূহ, আসন্ন উন্নয়ন প্রকল্প/সমূহ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১৫। তথ্যপ্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর (যদি থাকে) কর্তৃপক্ষ কর্তৃক ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১৬। অত্র নির্দেশনায় যা কিছুই থাকুক না কেন পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃপক্ষ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ অনুসারে যেসকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয় সেসকল তথ্য প্রকাশ করতে বাধ্য থাকবে না।

(মোঃ জাহাঙ্গীর আজাদ)

কোম্পানি সচিব (অতিঃ দাঃ) এবং

আহবায়ক, এপিএ বিষয়ক তথ্য অধিকার সংক্রান্ত কমিটি